

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের

বাসে দুর্বৃত্তদের হামলায়

৩ ছাত্র আহত

হাটহাজারী হাইতে সংবাদদাতা ॥
গত শনিবার সকালে হাটহাজারী
হাইতে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় অভিমুখী
একটি বাস বিশ্ববিদ্যালয় ১ নং সড়ক
মুখে পৌঁছার পর কতিপয় দুর্বৃত্ত
বাসে হামলা চালাইলে ৩ জন ছাত্র
আহত হয়। দুর্বৃত্তরা ছাত্রীদের
নায়েজহাল করে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় হাটহাজারী
কেন্দ্রীয় ছাত্র ফোরাম পরিচালিত
বাসটি ছাড়ার সময় দুই যুবক বাসে
উঠিতে চাইলে উঠিতে দেওয়া হয়
নাই। ১ নং সড়কে গতিরোধ
করিয়া ঐ দুই ছেলের দুর্বৃত্তরা
ক্রমত বাসে উঠিয়া পড়ে। লাঠি-সোটা
দিয়া কয়েকজন ছাত্রকে বেধড়ক মার-
ধর করে এবং ছাত্রীদের নায়েজহাল
করিয়া ক্রমত নামিয়া পড়ে। হামলায়
জাবেদ ইকবাল, নুরুল আজম টিপু ও
আবু জাহেদ আহত হয়। এ ঘটনার
প্রতিবাদে বিকালে হাটহাজারীতে
ছাত্র ফোরামের উদ্যোগে রাশেদ চৌধু-
রীর সভাপতিত্বে এক প্রতিবাদ সমা-
বেশ অনুষ্ঠিত হয়। এ ব্যাপারে ধানায়
হামলা করা হইয়াছে।